

# রাবিতে বিপুল সংখ্যক এডহক নিয়োগ সংক্রান্ত বিষয়বস্তু অসত্য

রাবি সংবাদদাতা

প্রকাশিত: ১৭:২৪, ১০ ফেব্রুয়ারি ২০২৬



রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) নিয়ম বহির্ভূতভাবে এডহকভিত্তিতে বিপুল সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ দিতে যাচ্ছে মর্মে বিভিন্ন মাধ্যমে প্রচারিত সংবাদ রাবি কর্তৃপক্ষের গোচরীভূত হয়েছে এবং এডহক নিয়োগ সংক্রান্ত সংবাদের বিষয়বস্তু সম্পূর্ণ অসত্য, ভিত্তিহীন ও বিভ্রান্তি সৃষ্টিকারী বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আজ বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের প্রশাসক অধ্যাপক ড আখতার হোসেন মজুমদার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এই সম্পর্কে রাবি কর্তৃপক্ষের বক্তব্য হচ্ছে, গতকাল সোমবার অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের কোনো উদ্যোগ বা পরিকল্পনা ছিল না। সভার আলোচ্যসূচিতে এরকম বিষয়ের কোনো অস্তিত্বও ছিল না। বিশ্ববিদ্যালয়ে কোনো নিয়োগের প্রয়োজন হলে তা কেবল বিদ্যমান বিধি-বিধান অনুসারে করা হয়ে থাকে। এই অবস্থায় তথাকথিত বিপুল সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ সংক্রান্ত সংবাদের বিষয়টি একান্তই দূরভিসন্ধি মূলক ও মহল বিশেষের স্বার্থসিদ্ধির জন্য উদ্দেশ্যে মূলকভাবে গুজবের মাধ্যমে অস্থিরতা সৃষ্টির অপ্রয়াস বলে প্রতীয়মান হয়।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, রাবিতে দীর্ঘদিন ঘাবত সুষ্ঠু পরিবেশ বিরাজ করছে। এখানে ক্লাস-পরীক্ষা ঘথারীতি অনুষ্ঠিত হচ্ছে। এসময় কোনো মনগড়া বিষয়ে বিপ্রান্তি সৃষ্টি কাম্য নয়। যদি কোনো বিষয়ে জ্ঞানার থাকে তবে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে নিশ্চিত হওয়া যেতে পারে।

এছাড়াও বিজ্ঞপ্তিতে, রাবি কর্তৃপক্ষ এহেন ভিত্তিহীন সংবাদের তীব্র নিন্দা জানিয়ে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় শিক্ষক-শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলের দায়িত্বশীল ভূমিকা ও সহযোগিতার জন্য কর্তৃপক্ষ আহ্বান জানিয়েছে।